গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
(সরকারি মাধ্যমিক-১)
www.shed.gov.bd

বিষয় : জ্বালানী সাশ্রয় ও কৃচ্ছতা সাধনের লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের পরিবহনে ব্যক্তিগত যানবাহনের ব্যবহার যৌক্তিকীকরণ এবং প্রয়োজনীয় যানবাহনের ব্যবস্থা ও আনুষংগিক বিষয়ে করণীয় নির্ধারণের লক্ষ্যে সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ডা. দীপু মনি, এম.পি.<br>মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয় |
| তারিখ ও সময় | : | ০১ আগস্ট ২০২২, বিকাল ৩.০০ মিনিট |
| স্থান | : | ভার্চুয়াল |

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের নামের তালিকা : পরিশিষ্ট- 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, জানান গত ২০ জুলাই ২০২২ তারিখ প্রধানমন্ত্রীর মুখ্য সচিব মহোদয়ের সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণীর ৫(ঞ)নং অনুচ্ছেদ শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থী পরিবহনে ব্যক্তিগত গাড়ির ব্যবহার যৌক্তিকিকরণের বিষয়ে শিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় প্রয়োজনীয় পরিকল্পনা গ্রহণ করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে সভাপতি মাননীয় মন্ত্রী মহোদয় বিভিন্ন দিক নির্দেশনামূলক আলোচনা করেন। উক্ত আলোচনায় মাননীয় উপমন্ত্রী জনাব মহিবুল হাসান চৌধুরী, এম.পি. চট্টগ্রাম সিটি কর্পোরেশনের শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের জন্য মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত ১০টি বাস এবং উক্ত বাসের নির্ধারিত ভাড়াসহ বিস্তারিত আলোচনা করেন।

২.০ বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

২.১ জ্বালানী সাশ্রয় ও কৃচ্ছতা সাধনের লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের পরিবহনে ব্যক্তিগত যানবাহনের ব্যবহার যৌক্তিকীকরণ এবং প্রয়োজনীয় যানবাহনের ব্যবস্থা ও আনুষংগিক বিষয়ে করণীয় নির্ধারণের লক্ষ্যে ০৮ (আট ) সদস্য বিশিষ্ট কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়:

২.২ কমিটির গঠন নিম্নরূপ:

০১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ-------------------------------আহবায়ক
০২) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের প্রতিনিধি-----------------------সদস্য
০৩) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের প্রতিনিধি-------------------------সদস্য
০৪) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর---------------------সদস্য

০৫। ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের প্রতিনিধি------------------------সদস্য
০৬) ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্রতিনিধি--------------------------সদস্য
০৭) একজন নগর বিশেষজ্ঞ---------------------------------------------সদস্য
০৮) একজন পরিবহন বিশেষজ্ঞ-----------------------------------------সদস্য

২.৩ কমিটির কার্যপরিধি:

১। নগর পরিবহনের বিষয়ে বেষ্ট প্রাকটিস পর্যালোচনা;
২। বর্তমান শিক্ষা প্রতিষ্ঠানে যানবাহন ব্যবহারের বিষয়ে পর্যালোচনা;
৩। শিক্ষা প্রতিষ্ঠানের পরিবহন ব্যবস্থার ক্ষেত্রে আর্থিক সংশ্লিষ্টতা ও প্রয়োজনীয় অর্থ বরাদ্দের উৎস সম্পর্কে পর্যালোচনা;
৪। সার্বিক বিষয়ে বিবেচনা করে ব্যক্তিগত পরিবহন ব্যবহার কমানো ও স্কুল কর্তৃক পরিবহন ব্যবস্থা চালুর বিষয়ে স্থায়ী সুপারিশ প্রণয়ন;
৫। কমিটি আগামী ১৫ দিনের মধ্যে প্রতিবেদন দাখিল করবেন।

৩.০ আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি, মাননীয় শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি এম.পি. সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তারিখ: ০৩/০৮/২০২২
(ডা. দীপু মনি এম.পি.)
মাননীয় মন্ত্রী
শিক্ষা মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭১.০৬.৬৭১.১৮- ৬৯০ তারিখ: ২০ শ্রাবণ ১৪২৯ / ০৪ আগস্ট ২০২২

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়:)**

১. সিনিয়র সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
৩. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
৪. অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ/মাধ্যমিক-১/মাধ্যমিক-২/কলেজ/বিশ্ববিদ্যালয়), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
৫. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
৬. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা
৭. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
৮. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা
৯. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা ও সভাপতি, আন্ত:শিক্ষা বোর্ড সমন্বয় সাব কমিটি
১০. যুগ্মসচিব (মাধ্যমিক-১,২), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়
১২. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়
১৩. উপসচিব (মাধ্যমিক- ২), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
১৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়
১৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৭. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (কারিগরি সহায়তার অনুরোধসহ)
১৮. পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
১৯. উপপরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
২০. উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা, অঞ্চল।
২১. জেলা শিক্ষা অফিসার, ঢাকা।
২২. অধ্যক্ষ/প্রধান শিক্ষক, মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়, মতিঝিল, ঢাকা/গভঃ ল্যাবরেটরি হাই স্কুল, ধানমন্ডি, ঢাকা/ধানমন্ডি কামরুননেছা বালিকা উচ্চ বিদ্যালয়, ধানমন্ডি, ঢাকা/সেগুনবাগিচা হাই স্কুল, সেগুনবাগিচা, ঢাকা/ আরমানিটোলা সরকারি বিদ্যালয়, বংশাল, ঢাকা/আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল, ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা/ মতিঝিল আইডিয়াল স্কুল এন্ড কলেজ, মতিঝিল, ঢাকা/ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, বেইলী রোড, ঢাকা/বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ পাবলিক কলেজ, ঢাকা/মনিপুর উচ্চ বিদ্যালয় ও কলেজ, মিরপুর, ঢাকা/ গুলশান মডেল স্কুল এন্ড কলেজ, গুলশান, ঢাকা/ বিয়াম মডেল স্কুল এন্ড কলেজ, ঢাকা।

৪/৮/২০৮৮

(কাজি মো: আবদুর রহমান)
উপসচিব
ফোন: ৯৫৭৬৭৮০
ই-মেইল: ds_sec1@moedu.gov.bd